ঝিনাইদহে বিএনপি নেতা মশিউর রহমানের রাষ্ট্রিয় মর্যাদায় দাফন

বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা ও ঝিনাইদহ-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ মশিউর রহমানের মৃতদেহ রাষ্ট্রিয় মর্যাদায় দাফন করা হয়েছে।

বুধবার ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয় মাঠ ও হরিণাকুন্ডু উপজেলার মনিরুদ্দীন বিশ্বাস মাধ্যমিক বিদ্যালয় মাঠে দু’দফা জানাজা শেষে বিকালে কন্যাদহ গ্রামের পারিবারিক গোরস্থানে তাকে দাফন করা হয়।

বুধবার বেলা ১১টার দিকে ঝিনাইদহ জেলা প্রশাসন ও পুলিশের পক্ষে গার্ড অব অনার প্রদান করা হয়। এ সময় বিউগলে বেঁজে ওঠে করুন সুর। ঝিনাইদহ শহরে অনুষ্ঠিত জানাজার নামাজে ইমামতি করেন কোটচাঁদপুর আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ বাহারুল ইসলাম। বুধবার সকাল থেকে জানাজায় শরীক হতে ঝিনাইদহের বিভিন্ন প্রান্ত থেকে বিএনপি নেতাকর্মী ছাড়াও হাজার হাজার সাধারণ মানুষ ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয় মাঠে আসতে থাকেন। শুধু ঝিনাইদহ নয়, আশপাশ জেলা থেকেও বিএনপির জৈষ্ঠ এই নেতার প্রতি শেষ শ্রদ্ধা জানাতে মানুষ জানাজা স্থলে ছুটে আসেন।

ফলে বেলা ১১টার মধ্যে সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের বিশাল মাঠ কানায় কানায় পুর্ন হয়ে যায়। জানাজায় অংশ নেয়া অনেকের এ সময় বলতে শোনা যায় মশিউর রহমান যে সত্যিকারের একজন জননেতা ছিলেন, তা মৃত্যুর পরও প্রমান করে দিলেন। জানাজা শুরুর আগে মশিউর রহমানের বর্নাঢ্য রাজনৈতিক জীবনের স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন তার বাল্যবন্ধু ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী প্রবিণ রাজনীতিবিদ আব্দুল হাই এমপি।

এছাড়া বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপার্সন তারেক রহমানের পক্ষে দলের কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান, কেন্দ্রীয় নেতা নিতাই রায় চৌধুরী, খায়রুল কবীর খোকন, আজিজুল বারী হেলাল, অনিন্দ্য ইসলাম অমিত, এ্যাড আসাদুজ্জামান আসাদ, জয়ন্ত কুমার কুন্ডু, আমিরুজ্জামান খান শিমুল, সাইফুল ইসলাম ফিরোজ, রফিকুল

ইসলাম বকুল, কুষ্টিয়ার সাবেক এমপি সৈয়দ মেহেদী হাসান রুমি, অধ্যক্ষ সোহরাব উদ্দীন, যশোরের সাবেরুল হক সাবু, মাগুরার মনিরুল ইসলাম, খুলনার সফিকুল ইসলাম মনা, আকতার হোসেন, শফিকুল ইসলাম তুহিন, আলী আহম্মেদ, তোজাম্মেল হোসেন, সাবেক এমপি আব্দুল ওহাব, মশিউর রহমানের বেয়াই খুলানার সাবেক মেয়র আব্দুল গাফ্ফার বিশ্বাস, ঝিনাইদহ জেলা পরিষদের চেয়ারম্যান হারুন অর রশিদ, ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, হরিণাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেনসহ আওয়ামী লীগ, বিএনপি, জাতীয় পার্টি, জামায়াতে ইসলামী বাংলাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জানাজা অনুষ্ঠানে ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের সভাপতি আব্দুল হাই এমপি তার বক্তব্যে বলেন, বন্ধু মশিউরের সঙ্গে আমার রাজনৈতিক মতপার্থক্য থাকলেও কোন বিরোধ ছিল না। সে আমার একজন খাটি বন্ধু ছিল। তার ধ্যানজ্ঞান ছিল ঝিনাইদহের উন্নয়ন। রনাঙ্গনে তার সঙ্গে যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি। তার মৃত্যুতে ঝিনাইদহ তথা দেশবাসি একটি সত্যিকারের দেশ প্রেমকিকে হারালো।

উল্লেখ্য ঝিনাইদহ উন্নয়নের কারগির খ্যাত বিএনপির এই বর্ষিয়ান নেতা মঙ্গলবার বেলা ১১টার দিকে ঝিনাইদহ শহরের গীতাঞ্জলী সড়কে উন্তেকাল করেন। তার মৃত্যুতে শোকে স্তব্ধ হয়ে যায় ঝিনাইদহ ও হরিণাকুন্ডুবাসী। এই দুই উপজেলাসহ ঝিনাইদহ গণমানুষের মাঝে শোকের ছায়া নেমে আসে।

ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

জমকালো আয়োজনের মধ্যে দিয়ে ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে র্যালি,আলোচনা সভা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরুস্কার বিতরনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গতকাল সকালে কলেজ প্রাঙ্গন থেকে শিক্ষক-শিক্ষার্থীরা একটি বর্নাঢ্য র্যালি বের করে। র্যালিটি মধুপুর চৌরাস্তা ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। র্যালি শেষে বেলুন ও পায়রা উড়িয়ে প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের শুভ উদ্ধোধন করেন বস্ত্র অধিদপ্তরের মহাপরিচালক ও অতিরিক্ত সচিব মোঃ নুরুজ্জামান। পরে এক আলোচনা সভা অনুষ্টিত হয়।

এসময় উপস্থিত ছিলেন বস্ত্র অধিদপ্তরের উপপরিচালক সাইফুর রহমান, কলেজ অধ্যক্ষ ফিরোজ খন্দকার, সহকারী অধ্যাপক নুরুল ইসলাম, কামিরুল ইসলাম, মোকসেদুল আলম, প্রভাষক ইয়াসমিন নাহার শিলা,আব্দুল্লাহ আল মামুন, ফাহাদ মাহমুদসহ শিক্ষকবৃন্দ। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উল্লেখ্য-২০১৮ সালের ১ নভেম্বর প্রধান মন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের উদ্ধোধন করেন। বর্তমানে কলেজটিতে ৬শতাধিক শিক্ষার্থী অধ্যায়নরত।

ঝিনাইদহে জাসদের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী ও সূবর্ণজয়ন্তী পালিত

ঝিনাইদহে জাসদের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী ও সূবর্ণজয়ন্তী পালন করা হয়েছে। সোমবার জেলা জাসদের উদ্যোগে বিকাল ৪টায় শহরের পুরাতন ডিসিকোর্ট চত্ত্বর থেকে দলের বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পোস্ট অফিসের মোড়ে প্রতিষ্ঠা বার্ষিকীর সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তির সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় জাসদের উপদেষ্টা পরিষদের সদস্য আলহাজ মনোয়ার হোসেন, জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সহ সভাপতি এ্যড. আসাদুজ্জামান আব্দুল জলিল মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক

আব্দুল আজিজ খান, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, কোষাধ্যক্ষ মনিরুজ্জামান উজ্জল, যুবজোট নেতা আশানুর রহমান, কেন্দ্রীয় ছাত্রলীগের সহ সম্পাদক বিদুৎ হোসেনসহ জেলা ও উ জেলার নেতৃবৃন্দ।

বক্তারা জঙ্গিবাদী তালেবানী রাজনীতি বন্ধ, মুক্তিযুদ্ধের চেতনায় জাতীয় পুনর্জাগরণ সংঘটিত, দুর্নীতিমুক্ত দলবাজী, গুন্ডাতন্ত্রের বিরুদ্ধে সুসাশন কায়েম, শোষন-বঞ্চনা বৈষম্যের অবসান করে সমাজতন্ত্রের পথে দেশকে এগিয়ে নেওয়ার আহবান জানান।

কোটচাঁদপুরের বহরমপুর মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটিয়,চেয়ারম্যান প্যানেল জয়ী

উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হল কোটচাঁদপুরের বহরমপুর মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটির নির্বাচন। সোমবার ওই বিদ্যালয়ের কক্ষে এ ভোট নেয়া হয়। নির্বাচনে চেয়ারম্যান পক্ষের পূর্ন প্যানেল জয়ী হয়েছেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও প্রিজাইটিং কর্মকর্তা রতন মিয়া জানান, উৎসব মুখর পরিবেশে ভোট অনুষ্ঠিত হয়েছে।

এ বিদ্যালয়ে ৪ পদের জন্য লড়াই করছিলেন ৭ জন প্রতিদ্বন্দী প্রার্থী। যার মধ্যে আব্দুল জলিল,আসাদুল ইসলাম, আব্দুল জলিল, আব্দুল মালেক,নাসির উদ্দিন,মফিজুর রহমান,শরিফুল ইসলাম।

এরমধ্যে চেয়ারম্যান প্যানেলের আব্দুল জলিল, আব্দুল মালেক,আসাদুল ইসলাম মফিজুর রহমান। এছাড়া ওই প্যানেলের মহিলা প্রার্থী নাজমা আক্তার বিনা প্রতিদ্বন্তিতায় নির্বাচিত হয়েছেন। নির্বাচনে মোট ভোটার ছিল ১৪৩ টি। এরমধ্যে পোল হয়েছে ১২৭ ভোট। সোমবার সকাল ১০ টায় ভোট গ্রহন শুরু হয়। যা চলে একটানা বিকাল ৪ টা পর্যন্ত।

[redacted]

[redacted]

ঝিনাইদহে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ শীর্ষক কর্মশালা

ঝিনাইদহে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)’র তত্বাবধানে শনিবার সকালে শহরের ফুড সাফারি মিলানয়তনে এ কর্মশালার আয়োজন করে ডাচ্ বাংলা ব্যাংক।

ডাচ্ বাংলা ব্যাংক’র ক্যামেলকো ও ডেপুটি ম্যানেজি ডিরেক্টর মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন’র সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিএফআইইউ’র অতিরিক্ত পরিচালক মাসুদ রানা। বক্তব্য রাখেন বিএফআইইউ’র যুগ্ম পরিচালক আল আমীন রিয়াদ ও এফ এম সালেহ উদ্দিন, ডাচ্ বাংলা ব্যাংক ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক সাইদুর রহমান।

কর্মশালায় জেলায় অবস্থিত ২৯ টি ব্যাংকের ৬৫ জন কর্মকর্তা অংশ নেয়। দিনব্যাপী কর্মশালায় অংশ নেয়া কর্মকর্তাদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে জ্ঞান অর্জন ও নিজ নিজ কর্মক্ষেত্রে তার প্রয়োগের জন্য নানা প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

ঝিনাইদহে হিরণ চেয়ারম্যানের বিরুদ্ধে দুদকের মামলা

জ্ঞাত আয় বহির্ভুত সম্পদ অর্জনের দায়ে ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণের বিরুদ্ধে মামলা হয়েছে।

দুর্নীতি দমন কমিশনের (দুদক) ঝিনাইদহ সমন্বিত অফিসের উপ-পরিচালক

জাহিদ কামাল মঙ্গলবার (২৫ অক্টোবর) বাদী হয়ে মামলাটি করেন। দুদকের ঝিনাইদহ অফিস স্থাপনের পর এটিই প্রথম মামলা। মামলায় উল্লেখ করা হয় আসামী শহিদুল ইসলাম হিরণ এক কোটি ৩৩ লাখ ৯৪ হাজার ৩৩৩ টাকা জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জন করেছেন।

এজাহার সুত্রে জানা গেছে, শহিদুল ইসলাম হিরণ ১৯৮৮ সাল থেকে ২০০৩ সাল এবং ২০০৯ সাল থেকে অদ্যবধী পর্যন্ত ঝিনাইদহ সদর উপজেলার ৯ নং পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। দায়িত্ব পালনকালে তিনি নিজে ও তার উপর নির্ভরশীল ব্যক্তিদের নামে ১৮ লাখ ৫৭ হাজার ৪৩৩ টাকার জমি এবং এক কোটি ২০ লাখ টাকা মুল্যমানের বাড়ি নির্মানসহ এক কোটি ৩৮ লাখ ৫৭ হাজার ৪৩৩ স্থাবর, গাড়ি ব্যাবসয়িক পুজি, ইলেক্টিক, ইলেকট্রনিকস ও আসবাবপত্রসহ মোট ২২ লাখ ৭৬ হাজার ৬৭০ টাকার অস্থাবর সম্পদ অর্জন করেছেন।

এ সকল সম্পদ অর্জনের উৎস হিসেবে সম্মানী ভাতা, গৃহ সম্পত্তি, কৃষি ও জমি বিক্রিসহ বিভিন্ন খাত থেকে ৪৫ লাখ ৪৬ হাজার এক’শ টাকার আয় পাওয়া যায়। পারিবারিকসহ অন্যান্য খাতে শহিদুল ইসলাম হিরনের ব্যয় পাওয়া যায় ১৬ লাখ ৬ হাজার ৪৩০ টাকা। আয় থেকে তার ব্যয় বাদ দিলে তার সঞ্চয় থাকে ২৯ লাখ ৩৯ হাজার ৬৭০ টাকা। যার বিপরীতে তার স্থাবর ও অস্থাবর সম্পদ পাওয়া যায় এক কোটি ৬১ লাখ ৩৪ হাজার ৩ টাকা।

এজাহারে উল্লেখ করা হয়, এ ক্ষেত্রে তার জ্ঞাত আয়ের সঙ্গে এক কোটি ৩৩ লাখ ৯৪ হাজার ৩৩৩ টাকার অসঙ্গতিপুর্ন ও জ্ঞাত আয়ের উৎস্য বহির্ভুত সম্পত্তি পাওয়া যায়, যা তিনি দুর্নীতির মাধ্যমে অর্জন করেছেন বলে প্রাথমিক ভাবে প্রতীয়মান হয়। ফলে দুর্নীতি দমন কমিশন আইনের ২০০৪ এর ২৭ (১) ধারায় অপরাধ করায় এ মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য এর আগে প্রথম অনুসন্ধান কর্মকর্তা ছিলেন দুদকের যশোর অফিসের সহকারি পরিচালক শহিদুল ইসলাম মোড়ল ও দ্বিতীয় অনুসন্ধান কর্মকর্তা হিসেবে সহকারি পরিচালক মোশাররফ হোসেন দায়িত্ব পালন করেন।

মামলার বিষয়ে চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন বলেন, একটি স্বার্থন্বেষী মহল দুদকের কাছে ভুল তথ্য দিয়ে একটি মামলা করেছে। আমি এর বিরুদ্ধে আইনগত ভাবে মোকাবেলা করব।

কোটচাঁদপুরে বলুহর ইউনিয়ন ভূমি অফিসে চুরি

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর ইউনিয়ন ভূমি অফিসে চুরি সংঘঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার রাতে বলুহর ইউনিয়ন পরিষদের পাশে অবস্থিত ইউনিয়ন ভূমি অফিসের পিছন দিকের গ্রীল ভেঙ্গে সংঘবদ্ধ চোর চক্র অফিসে প্রবেশ করে ১টি ল্যাপটপ নিয়ে যায়। এবং ভিতরে থাকা ইষ্টিলের আল মারীত থাকা প্রয়োজনীয় কাগজ পাতি ছড়িয়ে ছিটিয়ে রেখে যায়।

আজ বুধবার (২৬শে- অক্টোবর) সকালে ইউনিয়ন সহকারী ভূমি কর্মকর্তা মোঃ শাহাজান আলী,বিষয়টি নিশ্চিত করেছেন।

এ বিষয় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায় জানান, সকালে চুরির ঘটনা জানার পর আমি সরেজমিনে ঘটনাস্থল পরিদর্শন করেছি। গতরাতে কোনো এক সময় চুরি সংঘটিত হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত মডেল থানায় মামলার প্রস্তুতি চলছিলো।

ঝিনাইদহে আড়াই কোটি টাকার স্বর্ণের বারসহ পাচারকারী আটক

ঝিনাইদহের মহেশপুর উপজেলার যাদবপুর সীমান্ত থেকে ৩২ পিস স্বর্ণের বারসহ ইমাম হোসেন (৩০) নামে এক যুবককে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

শনিবার (২২ অক্টোবর) সকালে মহেশপুর থানার বড়বাড়ী গ্রামের বি কে. নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় এলাকার পশ্চিম দিকের রাস্তার পার্শ্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক ইমাম হোসেন

যশোরের চৌগাছা এলাকার আব্দুল খালেকের ছেলে।

৫৮ বিজিবি মহেশপুর ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল শাহীন আজাদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন যশোরের চৌগাছা এলাকা থেকে মোটরসাইকেলে স্বর্ণেরবার ভারতে পাচার করা হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে সীমান্ত এলাকার বড়বাড়ি গ্রামে অবস্থান নেয় বিজিবি। পরে সন্দেহ হলে বিদ্যালয়ের সামনে ইমাম হোসেনকে তল্লাশি করে ৩২ পিস স্বর্ণেরবার পাওয়া যায়।

লে. কর্নেল শাহীন আজাদ বলেন, ‘শুল্ক ফাঁকি দিয়ে আমদানি করা ৩২টি স্বর্ণেরবার জব্দ করা হয়েছে, যা ভারতে পাচারের চেষ্টাকালে ইমাম হোসেনকে আটক করা হয়। ৩ কেজি ৭১৯ গ্রাম ওজনের জব্দ করা স্বর্ণের আনুমানিক মূল্য ২ কোটি ৬৪ লাখ ৫৮৫ টাকা। এর আগেও ৫৮ বিজিবি কয়েকটি স্বর্ণেরবার জব্দ করেছে। আমাদের এ অভিযান অব্যাহত থাকবে। চোরাকারবারিরা যেন মহেশপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে কিছু পাচার করতে না পারে, সে ব্যাপারে আমরা সতর্ক অবস্থানে রয়েছি।’

লে. কর্নেল শাহীন আজাদ জানান, আটক ব্যক্তিকে মহেশপুর থানায় সোপর্দ করা হয়েছে। তার বিরুদ্ধে মামলা হবে। জব্দকৃত স্বর্ণগুলো মামলার আলামত হিসেবে জমা দেওয়া হয়েছে।

ঝিনাইদহে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত

‘আইন মেনে সড়কে চলি, নিরাপদে ঘরে ফিরি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ঝিনাইদহের সহযোগিতায় এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), ঝিনাইদহ সার্কেল এর আয়োজনে শনিবার শহরের মুজিবচত্বর থেকে একটি র্যালী বেরা করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে জেলা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। র্যালির শুরুতে শান্তির প্রতীক পায়রা এবং

বেলুন উড়িয়ে দিবসটির কার্যক্রমের শুভ সুচনা করেন ঝিনাইদহ জেলার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব মনিরা বেগম। এরপর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্র্রধান অতিথির আসন অলংকৃত করেন জেলা প্রশাসক জনাব মনিরা বেগম। এছাড়াও উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজ, উপপরিচালক স্থানীয় সরকার জনাব মো: ইয়ারুল ইসলাম; অতিরিক্ত জেলা প্রশাসকগণ; অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট; পুলিশ বিভাগ, ঝিনাইদহের প্রতিনিধি; সড়ক ও মহাসড়ক বিভাগ, ঝিনাইদহের নির্বাহী প্রকৌশলী; স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইদহের নির্বাহী প্রকৌশলী; বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, ঝিনাইদহ সার্কেলের সহকারী পরিচালক; জনাব তৈয়ব আলী জোয়ার্দার, সহসভাপতি, জেলা আওয়ামী লীগ, ঝিনাইদহ, ট্রাফিক ইন্সপেক্টর; বাস মিনিবাস শ্রমিক ইউনিয়ন, বাস মিনিবাস মালিক সমিতি সহ অন্যান্য সমিতির প্রতিনিধিবৃন্দ; এনজিও প্রতিনিধি; প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ সড়ক সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গ।

এসময় বক্তারা, সড়কে দুর্ঘটনা এড়াতে চালক, শ্রমিকসহ যাত্রীদের সচেতনার সাথে চলাচল করার আহ্বান জানান।